



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



২৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১০ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.৪৪১

বিষয়: ফেনী জেলার সদর উপজেলাধীন তৈয়বিয়া নূরীয়া দাখিল মাদ্রাসার ইংরেজি বিষয়ের সহকারী শিক্ষক জনাব জাম্নাতুল আফরোজ (ইনডেক্স-
M0027018) এর চাকরি পুনর্বহাল সংক্রান্ত।

- সূত্র: ১. জনাব জাম্নাতুল আফরোজ এর আবেদন; মাশিঅ ডকেট:৮৭৩; তারিখ: ১৫ নভেম্বর ২০২৩ খ্রি.
২. মাশিঅ স্মারক: ৫৭.২৫.০০০০.০০২.২৩.০০১.২১-৩৩৫; তারিখ: ১৯ নভেম্বর ২০২৩ খ্রি.
৩. মাশিঅ স্মারক: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.৪২৭; তারিখ: ০৩ ডিসেম্বর ২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ফেনী জেলার সদর উপজেলাধীন তৈয়বিয়া নূরীয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব জাম্নাতুল আফরোজ (ইনডেক্স-M0027018) সূত্রোক্ত ১নং স্মারকে তাঁর চাকরি হতে অব্যাহতির আবেদন গ্রহণ না করে তাকে চাকরিতে বহাল রাখার জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করেন। সূত্রোক্ত ২নং স্মারকে জনাব জাম্নাতুল আফরোজ এর চাকরি হতে অব্যাহতি সংক্রান্ত জটিলতা নিরসনে অত্র মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে স্ব-শরীরে উপস্থিত হয়ে শুনানী ও ব্যাখ্যা প্রদানের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে ডাকা হয়। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন) এর উপস্থিতিতে তাঁর অফিস কক্ষে ২৭ নভেম্বর ২০২৩ তারিখে উভয় পক্ষের শুনানী অনুষ্ঠিত হয়।

০২। মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ জোবায়ের চৌধুরী ও সুপার এবং জনাব জনাব জাম্নাতুল আফরোজ (ইনডেক্স-M0027018) এর শুনানীর বক্তব্য ও চাকরি হতে অব্যাহতি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র পর্যালোচনা করে সূত্রোক্ত ৩নং স্মারকে উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ জাকির হোসাইন প্রতিবেদন দাখিল করেন। তিনি প্রতিবেদনে উল্লেখ করেন যে, জনাব জনাব জাম্নাতুল আফরোজ (ইনডেক্স-M0027018) শুনানীকালে দাবী করেন যে, মাদ্রাসার অভ্যন্তরীণ দ্বন্দ্ব ও উদ্ভূত পরিস্থিতিতে বাধ্য হয়ে চাকরি হতে অব্যাহতির আবেদন দিয়েছিলেন। মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি বলেন, জনাব জাম্নাতুল আফরোজ একজন ভালো শিক্ষক। আমাদের প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ভালো ফলাফলের জন্য ইংরেজি শিক্ষকের প্রয়োজন। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর যথাযথ প্রক্রিয়ায় তাকে স্ব-পদে পুনর্বহাল করলে প্রতিষ্ঠানের কারও কোনো আপত্তি নেই। শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনা এবং শুনানীতে উভয় পক্ষের বক্তব্য ও চাকরি হতে অব্যাহতি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র পর্যালোচনা করে যেহেতু সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব জাম্নাতুল আফরোজ (ইনডেক্স-M0027018) স্বেচ্ছায় চাকরি হতে অব্যাহতি প্রদান করেননি; এমনকি এমপিওপীঠে তাঁর নাম বিদ্যমান রয়েছে। সেহেতু তাঁর অনুপস্থিতিকাল ০৮/০১/২০২৩ হতে যোগদান না করা পর্যন্ত সময়কালের জন্য বিনাবেতনে ছুটি মঞ্জুর করে তাঁকে স্বপদে চাকুরীতে পুনর্বহাল করা যেতে পারে মর্মে প্রতিবেদনে উল্লেখ করেন।

০৩। এমতাবস্থায় ফেনী জেলার সদর উপজেলাধীন তৈয়বিয়া নূরীয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব জাম্নাতুল আফরোজ (ইনডেক্স-M0027018) কে তার অনুপস্থিতিকাল ০৮/০১/২০২৩ হতে যোগদান না করা পর্যন্ত সময়কালের জন্য বিনাবেতনে ছুটি মঞ্জুর করে তাঁকে স্বপদে চাকুরীতে পুনর্বহাল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মাদ্রাসা কর্তৃপক্ষ তাঁর যোগদান প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ১০/০১/২০২৪ তারিখের মধ্যে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিত করবেন।

১০-১২-২০২৩
মো: জাকির হোসাইন
উপ-পরিচালক
৪১০৩০১৬৩
ddadmeh@gmail.com

সভাপতি/সুপার, তৈয়বিয়া নূরীয়া দাখিল মাদ্রাসা, সদর, ফেনী।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৯.০০১.২৩.৪৪১/১ (৬)

২৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১০ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৩। জেলা শিক্ষা অফিসার, ফেনী;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ফেনী;
- ৫। জনাব জামাতুল আফরোজ (ইনডেক্স-M0027018), সহকারী শিক্ষক (ইংরেজি), তৈয়বিয়া নূরীয়া দাখিল মাদ্রাসা, সদর, ফেনী এবং
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



১০-১২-২০২৩
মো: জাকির হোসাইন
উপ-পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) নূরীয়া